## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্ত প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চাজ্জ বাংলার দ্বিগুণ

সডাক বাষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৮ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৬৪ ইংরাজী 22nd May, 1957 { ২য় সংখ্যা

১লা জ্যৈষ্ঠ, ১৮৭৯ শকাব্দ


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১০ই জুন ১৯৫৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

৩৫৪ থাং ডিঃ শ্যামাপদ রায় দেং সোলেমান বিশ্বাস দাবি ১৫।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ১০৩ শতকের কাত ৫৲/২ আঃ ১০৲ খং ৭০৯ রায়ত স্থিতিবান স্বত্ব

৩৫৬ থাং ডিঃ ঐ দেং সুরেশচন্দ্র রায় দাবি ২৬৵০ মৌজাদি ঐ ২-৫৬ শতকের কাত ৮/৬॥ আঃ ১৫৲ খং ২২০

৩৫৭ থাং ডিঃ ঐ দেং দুঃখু মণ্ডল দিং দাবি ৩০ টাঃ ৮৮ নঃ পঃ থানা ঐ মৌজে রামপুরা ১৪৻৫ জমার জমি আঃ ১৫৲ খং ১১৫ ঐ স্বত্ব

৩৫৮ থাং ডিঃ ঐ দেং সুধীরকুমার রায় দিং দাবি ১৯॥৵৩ মৌজাদি ঐ ১-৯৬ শতকের কাত ৩৲০ আঃ ৫৲ খং ১৩২ ঐ স্বত্ব

৩৫৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২।৶০ মৌজাদি ঐ ১-৫৫ শতকের কাত ৪।৭।। আঃ ৫৲ খং ১৫১

৩৬০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০।৵৬ মৌজাদি ঐ ১-৮২ শতকের কাত ৩৵৫ আঃ ৫৲ খং ১৫২ ঐ স্বত্ব

৩৬১ থাং ডিঃ ঐ দেং রাজেন্দ্রনাথ রায় দিং দাবি ২১/৯ মৌজাদি ঐ ৫-৪৯ শতকের কাত ১৪।৶/১০ আঃ ১৫৲ খং ২০৮ ঐ স্বত্ব

৩৬২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩।৵৯ মৌজাদি ঐ ৩০১ শতকের কাত ৮।৶৫ আঃ ১৫৲ খং ২১৩ ঐ স্বত্ব

৩৬৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২৲০ মৌজাদি ঐ ২-০৫ শতকের কাত ৫।৶/১০ আঃ ১৫৲ খং ২১১ ঐ স্বত্ব

৩০০ থাং ডিঃ চণ্ডিদাস সিংহ দিং দেং সুরেন্দ্রনারায়ণ দাস দিং দাবি ২৪ টাকা ২০ নয়া পয়সা থানা সুতী মৌজে ফতেপুর ।।০ কাঠার কাত ।৶৫ আঃ ৩৲

৩০১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২ টাকা ৭ নয়া পয়সা মৌজাদি ঐ ৩।২।০ কাঠার কাত ২।।১১০ আঃ ৫৲

৩০২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬ টাকা ৪ নয়া পয়সা মৌজাদি ঐ ১ বিঘার কাত ৫৵.২।।০ আঃ ৪৲ রায়ত স্থিতিবান

১৯৫৭ সালের ডিক্রীজারী

৪৩ থাং ডিঃ বগলানন্দ মল্লিক দিং দেং বিভূতিভূষণ গুপ্ত দিং দাবি ৬৮ টাকা ২৩ নয়া পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে জরুর ১৫৬ শতকের কাত ৭৲ আঃ ১৫৲ খং ২৮৩।২৮৪।২৮৫

৪৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭ টাকা ৫৮ নয়া পয়সা মৌজাদি ঐ ৫৭ শতকের কাত ২৻৬ আঃ ৮৲ খং ১৩২

৩ মনি ডিঃ শিশিরকুমার মুখোপাধ্যায় দেং মাখন মাঝি দাবি ১২৫ টাকা ৫৫ নয়া পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে জালাই ১ শতকের কাত ৵৯ আঃ ১৫৲ খং ৪৫৪ ; ২নং লাট মৌজাদি ঐ ১৪ শতকের কাত ।।০ আঃ ২৫৲ খং ৪৮১।১ ; ৩নং লাট মৌজাদি ঐ ২ শতকের কাত /০ আঃ ১০৲ খং ৬০, ৬০।১, ৬০।২




সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৮ই জ্যৈষ্ঠ বুধবার সন ১৩৬৪ সাল।

# স্বভাব ও শ্বভাব

—০—

স্বভাব মানে প্রকৃতি। শ্বভাব মানে কুকুরের ভাব।

আমরা আজ পাঠক পাঠিকাগণের নিকট একটি অতি প্রাচীন গল্প লইয়া উপস্থিত হইয়াছি। শ্রবণ করুন—

এক মুনির তপোবনে একটি কুক্কুরী থাকিত। মুনির প্রদত্ত অন্ন-মুষ্টিতে তার ক্ষুন্নিবৃত্তি হইত। সময়ে সময়ে এই অস্পৃশ্যা কুক্কুরী মুনির পূজার্চ্চনার সময় তাঁহাকে স্পর্শ করিয়া তাঁহার পূজনাদি কর্ম্মে বিঘ্ন উৎপাদন করিত।

একদিন মুনিবর কুক্কুরীর অস্পৃশ্যতা দূর করিবার মানসে যজ্ঞান্তে তাহার দেহে যজ্ঞ-বারি সিঞ্চন করিয়া বলিলেন মর্কটী ভব" অর্থাৎ বানরী হও। সে তৎক্ষণাৎ বানরী দেহ প্রাপ্ত হইল।

কিছুদিন পর মুনি মনে করিলেন—ইহাকে আর একটি বৃহদাকার প্রাণীতে পরিণত করা যাক। তিনি তাহার দেহে যজ্ঞ-বারি ছিটাইয়া দিয়া বলিলেন—বরাহী অর্থাৎ শূকরী হও। তৎক্ষণাৎ সে শূকরী হইয়া আশ্রমে অবস্থান করিতে লাগিল। বিষ্ঠার মত ঘৃণ্য বস্তুও তাহার ভক্ষ্য হইল।

মুনিবর তখন তাহাকে আরও উন্নত প্রাণী করিবার জন্য হস্তিনীতে পরিণত করিলেন। মুনির অবসর সময়ে সে তাঁহাকে পৃষ্ঠদেশে আরোহণ করাইয়া সমস্ত তপোবন পরিভ্রমণ করিয়া আবার আশ্রমে লইয়া আসিতে লাগিল।

মুনি কুঞ্জরীর সহিত কথাবার্ত্তা বলা হয় না বলিয়া একদিন তাহাকে যজ্ঞান্তে যজ্ঞ-বারির সাহায্যে মানবীতে উন্নত করিলেন।

মুনির যজ্ঞ-প্রসূতা কামিনী অতি রূপবতী হইল। তখন মুনিবর খুব চিন্তান্বিত হইলেন। এই রূপ-যৌবন-সম্পন্না কামিনী তাঁহাকে কন্যাদায়গ্রস্ত করিয়া ফেলিল। তখন মুনি তাহাকে কোনও সুপাত্রে অর্পণ করিবার জন্য ব্যস্ত হইয়া পড়িলেন।

একদিন এক রাজপুত্র মৃগয়ার্থে মুনির তপোবনে উপস্থিত হইলেন। মুনির এই যজ্ঞ-প্রসূতা আশ্রম-বালিকাটি বারিপূর্ণ কুম্ভ কক্ষে লইয়া আশ্রমের দিকে আসিতেছিলেন। মৃগশিকারে আসিয়া রাজকুমার এই মৃগনয়নী সুন্দরীকে দেখিয়া নিজেই পঞ্চশর-বিদ্ধ হইয়া মুনির আশ্রমে গিয়া প্রণাম করিয়া জিজ্ঞাসা করিলেন—বাবা এই কন্যাটি কার? মুনি বলিলেন আমার, তুমি একে গ্রহণ করবে? রাজকুমার সম্মত হইয়াই ছিলেন। মুনিবর গান্ধর্বরীতি অনুসারে উভয়ের শুভ মিলন ঘটাইয়া দিলেন। রাজকুমার নবপরিণীতা বধূ লইয়া সানন্দে রাজধানীতে উপস্থিত হইলেন। উৎসবে সমস্ত রাজ্য অপূর্ব্ব শ্রী ধারণ করিল। আজ বল্কল-পরিহিতা অজিন-শায়িনী আশ্রম-বালিকা রাজপ্রাসাদে দুগ্ধফেননিভ শয্যায় রাত্রি অতিবাহিত করে সুখের সীমা নাই।

একদিন মধ্যরাত্রে রাজকুমারের নিদ্রা ভঙ্গ হইয়া দেখিলেন শয্যায় রাজবধূ নাই। কুমার অনুমান করিলেন বোধ হয় শৌচাগারে গিয়াছে। বহুক্ষণ অপেক্ষা করিয়া প্রায় রাত্রি শেষ হয় এমন সময় রাজবধূ সুগন্ধি অনুলিপ্তা হইয়া শয্যায় শয়ন করিলেন। কুমার বধূকে তাঁহার অনুপস্থিতির কারণ জিজ্ঞাসা করিয়া জানিলেন যে তিনি কয়েকদিন যাবৎ আমাতিসার রোগে কষ্ট পাইতেছেন। শৌচাগারে বহুক্ষণ কাটাইতে হয়। রাজকুমার পরদিন রাজ-বৈদ্যকে ডাকাইয়া চিকিৎসারম্ভ করিলেন। রাজ-কুমার যেদিন অর্দ্ধরাত্রে ঘুম ভাঙিয়া উঠেন, সেই দিনই রাজবধূকে অনুপস্থিতা দেখেন।

একদিন রাজকুমার সমস্ত রাত্রি কপট নিদ্রার ভাণ করিয়া জাগ্রত অবস্থায় রহিলেন। রাজবধূ কক্ষ ত্যাগ করিয়া রাজবাটীর পশ্চাৎ দিকের দ্বার খুলিয়া চলিতে লাগিলেন, কুমার তাহার অলক্ষ্যে পশ্চাদ্ধাবন করিয়া দেখিলেন তাঁহার প্রিয়তমা ভার্য্যা গোরস্থানে গিয়া সমাধি হইতে একটি শবদেহ উত্তোলন করিয়া তাহার মাংস ভক্ষণ করিতে লাগিল। ভয়ে রাজকুমারের বক্ষ কম্পিত হইতে লাগিল। তিনি ত্রস্তপদে রাজভবনে শয়নাগারে ফিরিয়া শয্যায় শয়ন করিয়া ভাবিতে লাগিলেন—একি সুরূপা রাক্ষসী! মুনি আমাকে কেন এই রাক্ষসী দান করিলেন। নানা চিন্তা করিতে করিতে বধূ পূর্ব্ববৎ সুগন্ধি অনুলিপ্তা হইয়া শয়ন করিতেই কুমার বলিলেন—তোমার অতিসার এখনও সারিল না। চল কাল প্রত্যূষে তপোবনে তোমার পিতৃসন্নিধানে গিয়া সব নিবেদন করিয়া কোন দৈব ঔষধ পাইলে তাহাই লইয়া আসিব। রাজবধূ তপোবনে যাইতে স্বীকৃতা হইলেন। কুমার ও বধূ উভয়ে রথারোহণে তপোবনে আসিয়া মুনি-চরণে প্রণাম করিলেন। মুনি তাঁহাদের কুশলাদি জিজ্ঞাসা করার পর কুমার তাঁহাকে এক গোপন স্থানে ডাকিয়া আনুপূর্ব্বিক সমস্ত জ্ঞাপন করিলেন। মুনিবর একটু হাসিয়া কন্যাকে ডাকিলেন সে আসিবামাত্র কুমারকে বলিলেন ইহার উপযুক্ত দণ্ড স্বচক্ষে নিরীক্ষণ কর। তিনি একটি শ্লোক বলিলেন—

শুনি-মর্কটি-বরাহি
গজকুঞ্জরী কামিনী
পঞ্চ দেহান্ পরিগৃহ্য
প্রকৃতিনৈ´ব মুঞ্চতি।

এ ছিল কুক্কুরী, তারপর হয় বানরী, তারপর শূকরী, তার পর হয় কুঞ্জরী (হস্তিনী), তার পর কামিনী এই পাঁচ দেহ পরিগ্রহ ক'রেও কুক্কুরীর মড়া খাওয়া ঘুচলো না।" এই বলে হাতে জল নিয়ে রাজবধূর অঙ্গে নিক্ষেপ ক'রে বল্লেন—পুনঃ কুক্কুরী ভব।


আমাদের রাজবাড়ীতে যে দুর্নীতি, টাকা চুরি, সত্যমেব জয়তের ঘরে মিথ্যার ভেল্কী বাজী! এমন কেউ কি নাই যে চোরের চুরিকে চূণকাম না ক'রে "পুনঃ কুক্কুরো ভব" বলে দুর্ব্বৃত্তদের দূরীভূত করেন

WANTED a second Clerk for the Jangipur Higher Secondary School, P. O. Jangipur, Dt. Murshidabad on the following pay scale.

Matriculate — Rs. 50 — 3/2 — 80
I. A. or I. Sc. — Rs. 60 — 3/2 — 80

Plus School D. A, Govt. D. A. 10/-
Knowledge of type writing essential, apply to the Secretary on or before 7th June, 1957.

# পরিকল্পনার পরী



গ্রীষ্মে যে পথে হাঁটু ডোবা ধূলো
বর্ষায় তত কর্দ্দম!
সে পথে জ্বলিবে বিজলীর বাতি
পরিকল্পনা হরদম্!
ডি. বি. সির খাতে টাকার শ্রাদ্ধ
মিটিছে চোরের সাধ!
ময়ুর-অক্ষি দিতেছে সাক্ষী,
লাখ লাখ একর আবাদ!

আবাদ হইতে বাদ হয়ে গেল
এক অক্ষরের ভুল।
বলি কার কাছে লোক বেঁচে আছে
খেয়ে সালুকের মূল!
পরিকল্পনা-পরী দেখ কি সুন্দরী
কঙ্কাল শুধু বাকি!
মাথায় কি খোপা! ভাষণের চোপা!
এই নিয়ে সুখে থাকি!

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১০ই জুন ১৯৫৭

১৯৫৬ সালের ডিক্রীজারী

২০৩ খাং ডিঃ অনিল কুমার সেন দিং দেং আব্বাস সেখ দিং দাবি ৭৯৮৴৬ থানা সুতী মৌজে আলোয়ানী ৩৩৬ শতকের কাত ২৪৲ আঃ ৩০৲ খং ৩৫৮ স্থিতিবান স্বত্ব

৩৬ স্বত্ব ডিঃ ষ্টেট অব ওয়েষ্ট বেঙ্গল দেং ননীগোপাল সাহা দাবি ১৫২ টাকা ৮৭ নয়া পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে গদাইপুর ২-২৫ শতকের কাত ২১।৴০ আঃ ১৫০৲ খং ১৮২

১৯৫৭ সালের ডিক্রীজারী

২৩ খাং ডিঃ সমরেন্দ্রনাথ রায় দিং দেং খলিল সেখ দিং দাবি ৪০ টাকা ৫০ নয়া পয়সা থানা সুতী মৌজে রাতুরি ৭৮ শতকের কাত ৫।৴০ আঃ ১৫৲ খং ১০

২৫ খাং ডিঃ ঐ দেং চারুবালা দাসী দাবি ২৭ টাকা ৮০ নয়া পয়সা মৌজাদি ঐ ২৯ শতকের কাত ৩৲ আঃ ১০৲ খং ১৪৭

২৪ খাং ডিঃ ঐ দেং আবদুল গোফুর সেখ দিং দাবি ২৫ টাকা ১৭ নয়া পয়সা থানা ঐ মৌজে কালীনগর ৪২ শতকের কাত ২।৵১০ আঃ ১০৲ খং ২৮

১৬ খাং ডিঃ ফুলচাঁদ শেঠী দেং যতীন্দ্রনাথ রায় দিং দাবি ২৫ টাকা ৩০ নয়া পয়সা থানা রঘুনাথগঞ্জ মৌজে বহড়া ৬-৬১ শতকের কাত ১৯৲ আঃ ৫০৲ খং ৩৪৯

১৯ খাং ডিঃ ঐ দেং জানমহাম্মদ মণ্ডল দাবি ২১ টাকা ৫৩ নয়া পয়সা থানা ঐ মৌজে কুতুবপুর ও চক কুতুবপুর ৩-৪১ শতকের কাত ৯।৶০ আঃ ২৫৲ খং কুতুবপুর ১৪৪ চক কুতুবপুর ৫৮

১৮ খাং ডিঃ ঐ দেং চন্দ্রকেতু সাহা দাবি ১৩ টাকা ৯৪ নয়া পয়সা থানা ঐ মৌজে নসীপুর ১-১১ শতকের কাত ২।৵৬ আঃ ১০৲ খং ৫৬

২০ খাং ডিঃ ঐ দেং সিদ্দিক হোসেন সেখ দাবি ১৭ টাকা ৫৩ নয়া পয়সা মৌজাদি ঐ ১-২৮ শতকের কাত ৪॥৶৬ আঃ ১০৲ খং ১৬৪

১ মনি ডিঃ রবীন্দ্রনাথ সরকার দেং কালু খাঁ দাবি ১৩৪৫৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ৭ শতকের কাত ॥০ আঃ ১৫৲ খং ৫৬১ ; ২নং লাট মৌজাদি ঐ ৬ শতকের কাত ।৵০ আঃ ১০৲ খং ৩৮৯



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
'জবাকুসুম হাউস, কলিকাতা-১২

KA-18

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্ট ইউনিয়ন"   টেলিফোন: বড়বাজার ৪১৮

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৵০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :— ডাঃ ডি, ডি, হাজরা

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত